



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

18 APRIL 2024

7:35—7:40 AM IST

প্রথম পর্যায়ে আসামের পাঁচটি লোকসভা আসনে আগামীকাল ভোটগ্রহণ করা হবে। এই পর্যায়ের নির্বাচনের জন্য রাজ্যের প্রচার অভিযানও গতকাল বিকেলে শেষ হয়েছে। এই পাঁচটি আসনে মোট ৩৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন। প্রথম পর্যায়ে বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী ও আসামের প্রাক্তন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল, তিন সাংসদ প্রদান বড়ুয়া, তপন কুমার গগৈ, কামাখ্যা প্রসাদ তাসা, প্রাক্তন মন্ত্রী তথা বর্তমান বিধায়ক রঞ্জিত দত্ত বিজেপির হয়ে প্রতিদ্বন্দিতা করছেন। অন্যদিকে কংগ্রেস সাংসদ গৌরব গগৈ, প্রাক্তন বিধায়ক রোজলীনা তিকী, উদয় শঙ্কর হাজারিকা, অসম জাতীয় পরিষদের নেতা লুরিনজ্যোতি গগৈর রাজনৈতিক ভাগ্যও নির্ধারন হবে।

উল্লেখ্য প্রথম পর্যায়ে দেশের ১৭টি রাজ্য ও চারটি কেন্দ্র শাসিত অঞ্চলের ১০২ টি লোকসভা আসনের জন্য আগামীকাল ভোট গ্রহণ করা হবে।

রাজ্যে আগামীকাল প্রথম পর্যায়ে পাঁচটি আসনে অনুষ্ঠিত লোকসভা নির্বাচনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনগুলি যাবতীয় প্রস্তুতি গ্রহণ করেছে। এই পর্যায়ে ডিব্ৰুগড়, যোরহাট, লক্ষিমপুর, শোণিতপুর এবং কাজিরাঙ্গা আসনে ভোটগ্রহণ করা হবে। রাজ্যে আগামীকালের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত নিরাপত্তা বাহিনী নিয়োগ করা সহ স্পর্শকাতর ভোটকেন্দ্রগুলিতে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে। এছাড়া প্রতিটি ভোটকেন্দ্রে ভোটদানের সময়ে ভোটদাতাদের সুবিধার জন্য ব্যবস্থা করার পাশাপাশি দিব্যাঙ্গ ভোটদাতাদের জন্য র্যাম্প, প্রসূতিদের জন্য দুগ্ধপান কক্ষের ব্যবস্থা, পানীয় জল, শৌচাগার, বিদ্যুৎ সরবরাহ সহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

আজ প্রতিটি ভোটকেন্দ্রের জন্যে নিয়োজিত ভোটকর্মীরা গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করবেন। আসাম পুলিশ সূত্রে জানানো হয়েছে যে- স্পর্শকাতর ভোটকেন্দ্রগুলিতে আধা-সামরিক বাহিনীর ১০৬ টি কোম্পানী মোতায়েন করা সহ কমপক্ষে ৫০ শতাংশ ভোটকেন্দ্রে ওয়েব কাস্টিং এর ব্যবস্থা করা হচ্ছে।

বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার দেশের সর্বস্তরের জনসাধারণের উন্নয়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করেছে এবং সমাজের প্রত্যেক ব্যক্তি যাতে এসব প্রকল্পের সুযোগ গ্রহণ করতে পারেন, সে বিষয়টি সরকার সু-নিশ্চিত করেছে। এন ডি এ সরকার কোনো ধরনের বৈষম্য সৃষ্টি না করে দুঃস্থ লোকদের জন্য তিনকোটি গৃহ নির্মাণ করেছে এবং পুনরায় এন ডি এ ক্ষমতায় এলে পরবর্তী পাঁচ বছরে দুঃস্থ ও বঞ্চিতদের জন্য অবিরত খাদ্য সামগ্রী সরবরাহ করা হবে। প্রবীণ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নলবাড়ীতে আয়োজিত এক নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করে একথা বলেছেন। প্রধানমন্ত্রী জানান যে- বিজেপির সংকল্প পত্রে সত্তর বছরের উর্ধ্বের প্রবীণ নাগরিকদের আয়ুষ্স্মান ভারত যোজনার আওতায় আনার কথা ঘোষণা করা হয়েছে। এরফলে তারা পাঁচ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যের স্বাস্থ্যবীমা লাভ করবেন।

প্রধানমন্ত্রী আরো বলেন যে- আসাম জৈব বৈচিত্রের দিক থেকে অত্যন্ত সমৃদ্ধশালী এবং রাজ্যটির এই সমৃদ্ধ ক্ষেত্রটির বিষয়ে বিশ্ববাসীকে অবগত করাতে তাঁর সরকার বদ্ধপরিকর। এন ডি এ সরকার নিজেদের শাসনকালে বেশকয়েকটি ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে- তিন তালাক ব্যবস্থার অবসান করে এই সরকার মুসলমান মহিলাদের স্বস্তি প্রদান করেছে। এছাড়া কৃষি সামগ্রীর ন্যূনতম সমর্থন মূল্য বৃদ্ধি করে কৃষকদের স্বস্তি দেওয়া সহ তিন কোটি মহিলাকে লাখপতি দিদির মর্যাদা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে বলেও তিনি জানান। উল্লেখ্য- প্রধানমন্ত্রী গতকাল বড়পেটা লোকসভা আসনের এন ডি এ প্রার্থী ফণীভূষণ চৌধুরীর সমর্থনে প্রচার করেন। এই কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, বিজেপির রাজ্য সভাপতি ভবেশ কলিতা সহ দলের উচ্চপদস্থ নেতারা উপস্থিত ছিলেন।

তৃণমূল কংগ্রেসের সরকার ক্ষমতায় এলে দেশে নাগরিকত্ব সংশোধনী আইন, জাতীয় নাগরিক পঞ্জীর মতো বিষয়গুলি কার্যকর করতে দেবে না।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস সভানেত্রী মমতা ব্যানার্জী শিলচর লোকসভা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী রাধেশ্যাম বিশ্বাসের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিতে গতকাল শিলচরে এই মন্তব্য করেছেন। শ্রীমতি ব্যানার্জী বিজেপি নেতৃত্বাধীন এনডিএ সরকারের তীব্র সমালোচনা করে বিজেপিকে গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থী বলেও অভিযোগ করেছেন।

এদিকে বিজেপির প্রবীন নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল যোরহাট আসনে বিজেপি মিত্রজোড়ের প্রার্থী তপন গগৈর হয়ে শিবসাগরে রোড শোয়ে অংশগ্রহণ করেন। এছাড়া কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, বিধায়ক মৃগাল শইকিয়া, সাংসদ গৌরব গগৈ প্রমুখ বিভিন্ন স্থানে শেষ দিনে নির্বাচনী প্রচারে ঝড় তোলেন।

রাজ্যে তৃতীয় পর্যায়ে চারটি লোকসভা আসনের জন্য প্রার্থীদের মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়ায় গতি এসেছে। ধুবড়ী লোকসভা আসনের প্রার্থী হিসেবে এ আই ইউ ডি এফ দলের প্রধান বদর উদ্দিন আজমল রবং বড়পেটা লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী দ্বীপ বায়েন গতকাল মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

হাইলাকান্দি জেলায় লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জেলায় নিযুক্ত মহিলা ভোটকর্মীদের ই ভি এম ও ভি ভি প্যাটের প্রশিক্ষন কর্মশালা গতকাল জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে ।

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে করিমগঞ্জের পুলিশ সুপার কার্যালয়ে ২৪ ঘন্টা কার্যকর থাকা অভিযোগ সেল ও কন্ট্রোল রুম খোলা হয়েছে । পুলিশ সুপার কার্যালয়ে স্থাপন করা এই কন্ট্রোল রুমের নম্বর হচ্ছে ৭০০২০৮০৫৩৯ এবং হোয়াটস অ্যাপ নম্বর হচ্ছে ৮০৯৯৬৬২২৭৫ । এছাড়াও পুলিশ সুপারের কার্যালয় সহ জেলার ৭টি থানায় একটি করে অভিযোগ বক্স রাখা হয়েছে । ওই বক্স গুলিতে লোকসভা নির্বাচন সংক্রান্ত যে কোন ধরনের অভিযোগ জমা করা যাবে ।
